দামুড়হুদায় পৃথক সড়ক দুর্ঘটনায় কলেজছাত্রসহ নিহত-২ আহত-১

দামুড়হুদা উপজেলায় অবৈধ শ্যালো ইঞ্জিনচালিত আলমসাধু ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন।

সোমবার রাত ৭টার দিকে উপজেলার জয়রামপুর কাঠালতলা বাজারের অদূরে কানাপুকুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। এ সময় আরও একজন আহত হয়েছে।

অপর দিকে, বেলা ১১টার দিকে চুয়াডাঙ্গা থেকে দর্শনাগামী শাপলা পরিবহনের একটি বাস হাটকালুগঞ্জ এলাকায় পৌঁছালে পেছন থেকে শ্যালো ইঞ্জিনচালিত আলমসাধু ধাক্কা দেয়।

এতে আলমসাধু নিয়ন্ত্রণ হারিয়ে পাশের পথচারী হাটকালুগঞ্জ গ্রামের আব্দুস সালামের স্ত্রী তাসমিনা খাতুনের (৪০) ওপর পড়ে। পরে গুরুতর আহত তাসমিনাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

বিষয়টি নিশ্চিত করেছেন দামুড়হুদা মডেল থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন।

নিহতরা হলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার আকুন্দবাড়িয়া গ্রামের কায়েসের ছেলে রিফাত (১৮) দামুড়হুদা উপজেলার আমডাঙ্গা গ্রামের ইমান আলীর ছেলে লাল্টু মিয়া (২২) ও আহত একই উপজেলার রামননগর গ্রামের হাফিজুল ইসলামের ছেলে মানিক (১৮)।

প্রত্যক্ষদর্শীরা জানান, চুয়াডাঙ্গা থেকে আরএফএল কোম্পানির একটি আলমসাধু দর্শনায় যাচ্ছিল। এ সময় জয়রামপুর বাজারের অদূরে কানাপুকুর নামক স্থানে পৌঁছালে একটি মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহী লাল্টু ঘটনাস্থলেই নিহত হন।

খবর পেয়ে দর্শনা ফায়ার ও সিভিল ডিফেন্স এর কর্মীরা তাদেরকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রিফাতের মৃত্যু হয়। আহত মানিক চিকিৎসা নিচ্ছেন।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. তরিকুল ইসলাম বলেন, চিকিৎসাধীন অবস্থায় রিফাতের মৃত্যু হয়েছে। আহত মানিকের অবস্থা শঙ্কামুক্ত।

দামুড়হুদা মডেল থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন বলেন, ঘটনাস্থলেই লাল্টু মিয়ার মৃত্যু হয়। চিকিৎসাধীন অবস্থায় আরও একজনের মৃত্যু হয়। আহত একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গার তিতুদহ ইউনিযয়ন পরিষদে নৌকা বিজয়ী

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নে বেসরকারিভাবে আওয়ামী লীগের প্রার্থী মোঃ শুকুর আলী নৌকা প্রতীকে জয়ী হয়েছেন।

তিনি পেয়েছেন ৫ হাজার ৫’শ ৫৭ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আওয়ামী লীগ নেতা মোঃ মিজানুর রহমান টিপু (আনারস) প্রতীকে পেয়েছেন ৪ হাজার ৩’শ ৭৯ ভোট।

তার নিকটতম প্রতিদন্দী ফারক হোসেন ঘোড়া প্রতিক নিয়ে ভোট পেয়েছেন ৩০৮৬। ইসলামী আন্দোলন হাতপাখা মার্কা ভোট পেয়েছে ২১৭ভোট। মোট ভোট পোল হয়েছে ১৩২৩৯ বাতিল হয়েছে ৩৩২ ভোট। নৌকা প্রার্থী শুকুর আলী ১১৭৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন।

কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ন পরিবেশে এ ইউনিয়নে ভোট অনুষ্ঠিত হয়েছে। ৪ জন চেয়ারম্যান প্রার্থী, ৪১ জন মেম্বার ও ১০ জন সংরক্ষিত মহিলা সবমিলিয়ে মোট ৫৪ জন প্রার্থী এবারের নির্বাচনে অংশ নেয়।

এ ইউনিয়নের মোট ভোটার ১৬ হাজার ৭৪ জন । এর মধ্যে পুরুষ ভোটার ৮ হাজার ১’শ ৬০ জন এবং মহিলা ভোটার ৭ হাজার ৯’শ ১৪ জন। শতকরা ৮৫ ভাগ ভোট পড়েছে আজকের নির্বাচনে।

সীমানা নির্ধারনী মামলায় আইনি জটিলতা কাটিয়ে দীর্ঘ ১১ বছর পর

ভোট অনুষ্ঠিত হলো তিতুদহ ইউনিয়নে। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাচন অফিসার মোঃ কামরুল হাসান বিষয়টি নিশ্চিত করেছেন।

আলমডাঙ্গার বৈদ্যনাথপুরে মোটর সাইকেলের ধাক্কায় আহত রমজান আলীর মৃত্যু

আলমডাঙ্গার বৈদ্যনাথপুর মোড়ে মোটর সাইকেলের ধাক্কায় আহত রমজান আলীর (৫৫) চিকিৎসাধিন অবস্থায় মৃত্যু হয়েছে। রোববার সকাল ৯টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

গত ৩ ফেব্রুয়ারী সন্ধ্যায় মোটর সাইকেল দুর্ঘটনায় আহত হয়ে ওই ব্যক্তি রাজশাহীতে চিকিৎসাধিন ছিলেন ।

জানা যায়,আলমডাঙ্গার হারদী ইউনিয়নের মোহাম্মদপুর গ্রামের মৃত নূর বক্সের ছেলে রমজান আলী গত ৩ ফেব্রুয়ারী সন্ধ্যায় বৈদ্যনাথপুর মোড়ে দিয়ে হেটে যাচ্ছিলেন। এ সময় বৈদ্যনাথপুর গ্রামের নুরু ব্যাপারীর ছেলে ইমন মোটর সাইকেল নিয়ে দ্রুত গতিতে ওই রাস্তা দিয়ে যাওয়ার সময় পথচারী রমজান আলীকে ধাক্কা দেয়।

এতে রমজান আলী রাস্তার উপর পড়ে মাথায় আঘাতপ্রাপ্ত হন। তাকে উদ্ধার করে হারদী হাসপাতালে ভর্তি করা হয়।

রমজান আলীর অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করা হয়। সেখানে চিকিৎসাধিন অবস্থায় তার আশংকাজনক হলে তাকে পরদিন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধিন অবস্থায় গতকাল রোববার সকালের দিকে রমজান আলীর মৃত্যু হয়।

এ সংবাদ বাড়িতে পৌছালে পরিবারে সদস্যদের আহাজারি শুরু হয়। প্রতিবেশিদের মাঝে নেমে আসে শোকের ছায়া।

আলমডাঙ্গার পারকৃষ্ণপুর গলায় ফাঁস লাগিয়ে গৃহবধুর আত্নহত্যা

আলমডাঙ্গার পারকৃষ্ণপুর গ্রামের গলা ফাঁস লাগিয়ে শিলা খাতুন (২৫) নামের এক গৃহবধূ আত্নহত্যা করেছে।

গত শুক্রবার রাত সাড়ে ৯ টার দিকে ঘটেছে। এ ঘটনায় শিলার পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি গ্রামের নুর হকের মেয়ের সাথে পারকৃষ্ণপুর গ্রামের আহাদ আলির সাথে বিবাহ হয়। তাদের দাম্পত্য জিবনে ৬ বছরের একটি কণ্যা সন্তান রয়েছে।

শিলা খাতুন দীর্ঘদিন যাবৎ মাথার রোগে আক্রান্ত ছিলো। বিভিন্ন সময় যন্ত্র বৃদ্ধি পেলে আত্নহত্যার চেষ্টা চালায়।

শুক্রবার রাত সাড়ে ৯ টার দিকে নিজ ঘরে ওড়া জড়িয়ে শিলা খাতুন আত্নহত্যা করে। আত্নহত্যার ঘটনায় শিলার পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করেন।

চুয়াডাঙ্গার তিতুদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন আরমাত্র ১ দিন বাকি

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের আরমাত্র ১ দিন বাকি।

এ নির্বাচন উপলক্ষে শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টায় তিতুদহ গ্রামের

প্রধান সড়কের পাশে এক নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে। ৯নং ওয়ার্ড আ.লীগের সভাপতি গাজিরদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা আ.লীগের যুগ্নসাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

পথসভায় তিনি বলেন, প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সালাম নিন আগামী কাল সোমবার নৌকা মার্কায় আপনার মূল্যবান ভোটটি দিন। শুকুর আলীকে বিজয়ী করে তিতুদহ ইউনিয়নের উন্নয়নের ধারা অব্যাহত রাখার সুযোগদিন।

আপনারা জানেন বর্তমান সরকার রাষ্টিয় ক্ষমতায় আসার পর থেকে দেশের বিভিন্ন সেক্টরে ব্যাপক উন্নয়ন হয়েছে। মানুষের মাথাপিছু আয় বেড়েছে। সে উন্নয়ন আরও বেগবান করতে আ.লীগের দলীয় প্রার্থী শুকুর আলীর নৌকা মার্কায় দলমত নির্বীশেষে ভোট দিন। আমি কথা দিচ্ছি শুকুর আলী চেয়ারম্যান নির্বাচিত হলে সে ইউনিয়নের সকলকে সাথে নিয়ে কাজ করবে। আমরা সংঘাত নয় সহঅবস্থান চাই। কাদে কাদ মিলিয়ে একসাথে চলব।

যারা আ.লীগ করেন এবং স্বাধীনতাকে, জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বাস করেন তারা নৌকার বিরোধীতা করতে পারে না। নৌকার বিরোধিতা করা মানে আ.লীগকে অস্বিকার করা।

যারা দলের নেতাদের নাম নিয়ে প্রচার প্রচারণা চালাচ্ছে তারা মিথ্যাচার করছে। তাদের থেকে শতর্ক থাকুন। সুবিধাবাদি এসব আ.লীগের নামধারি ব্যাক্তিদের থেকে দুরে থাকুন। নিজ স্বার্থে ব্যবহার করে নিয়ে পরে ছুড়ে ফেলে দেবে। তাই ইউনিয়নবাসির নিকট আমার অনুরোধ সোমবারের নির্বাচনে শুকুর আলীর নৌকা প্রতীকে ভোট দিন, উন্নয়নে অংশ নিন।

অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন নৌকার চেয়ারম্যান প্রার্থী শুকুর আলী, জেলা আ.লীগের সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, শ্রমিক লীগের সভাপতি আফজালুর হক, এ্যাড. বেল্লাল হোসেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মিলি, জেলা মহিলা বিষয়ক সম্পাদিকা নুরুনাহার কাকলী, কুতুবপুর ইউপি চেয়ারম্যান আলী হাসানুজ্জামান মানিক, আলোকদিয়া ইউপি চেয়ারম্যান আবুল কালাম, মমিনপুর ইউপি চেয়ারম্যান আব্দুল্লা আল মামুন রতন,

পদ্নবিলা ইউপি চেয়ারম্যান আলম। আরও উপস্থিত ছিলেন, জেলা পরিষদের ১নং ওয়ার্ড সদস্য শহিদুল ইসলাম শাহান, তিতুদহ ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম, আ.লীগ নেতা আরশেদ আলম চন্দন, হায়দার মল্লিক, ডাক্তার রফিক, আবুল কাশেম, আক্তার হোসেন, আরিফুল ইসলামসহ ইউনিয়ন ও ওয়ার্ড আ.লীগের নেতৃবৃন্দ। শেষ প্রচার প্রচারণার অংশ হিসাবে প্রধান অতিথি বড়সলুয়া, ছোটসলুয়া, আড়িয়া, গীরিশনগর, নুরুল্লাপুর, চাঁদপুর. তিতুদহ, হুরিয়ামারি, গোলাপনগর, বড়সলুয়া, বলদিয়া গ্রামে নৌকায় ভোট চেয়ে পথসভা করেন।

দর্শনায় ফেনসিডিল ও গাজাসহ ২জন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ পৃথক অভিযানে ২০ বোতল ফেনসিডিল ও ১ কেজি গাজাসহ ২ জনকে গ্রেফতার করেছে।

জানা গেছে শনিবার দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আনোয়ারপুর হঠাৎপাড়ায়।

এ সময় দর্শনা থানার চৌকস পুলিশ অফিসার এস আই নীতিশ, এ এস আই আবু বক্কর সিদ্দিক ও এ এস আই বশির আহম্মেদ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় হঠাৎপাড়া পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ মুন্সিগন্জ জেলার লৌহজং থানার কনকশাহ গ্রামের আব্দুল ওহাব আলীর ছেলে নছুমিয়া ওরফে সজল (২২) কে তার দেহ তল্লাশি করে ২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাকে গ্রেফতার করে।

অপরদিকে গত শুক্রবার দুপুর ১২ টার দিকে ১কেজি গাজাসহ নুর হোসেন (৪৫)কে গ্রেফতার করে পুলিশ। পুলিশ জানায় গত শুক্রবার দুপুর ১২ টার দিকে দর্শনা থানার চৌকস অফিসার এস আই ইকবাল আহম্মেদ, এ এস আই আবু বক্কর সিদ্দিক, এ এস আই বশির আহম্মেদ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা মোবারকপড়ার রেল কোলনীতে।

এ সময় পুলিশ মোবারকপাড়ার মৃত্য ইউসুফ হোসেনের ছেলে নৃর হোসেন
(৪৫) কে ১ কেজি গাজাসহ তাকে গ্রেফতার করে।এ ঘটনায় পৃথক দুটি মাদক আইনে মামলাসহ আদালতে সোপর্দ করে।

জীবননগরের বালিহুদায় সরস্বতী পূজা অনুষ্ঠিত

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের বালিহুদায় হালদার পাড়ায় সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল থেকে হিন্দু সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব এটি শুরু হয়। সরস্বতীকে বিদ্যার দেবী হিসেবে পূজা করে থাকের হিন্দু সম্প্রদায়ের ভক্তরা।

এজন্য পঞ্চমী তিথিতে বিদ্যা ও জ্ঞান অর্জনের আশায় দেবী সরস্বতী পূজা করেন তারা। দেশের মহামারি করোনা ভাইরাস থেকে মুক্তির জন্য প্রার্থনা করা হয়। এসময় বালিহুদায় হালদার পাড়ায় সরস্বতী পূজা করেন পুরোহিত দিনো ঠাকুর।

এসময় উপস্থিত ছিলেন বালিহুদার হালদার পাড়ার পূজা কমিটির সভাপতি কার্তিক হালদার, সহ-সভাপতি মিঠু হালদার, সাধারণ সম্পাদক দশরত হালদার। এছাড়াও উপস্থিত ছিলেন বলায় হালদার, অমল হালদার, অশেক হালদারসহ ভক্ত বিন্দুরা।

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত

আরও ৯ জন

চুয়াডাঙ্গায় ধাপে ধাপে বাড়ছে করোনায় আক্রান্তের সংখ্যা। কমেছে মৃত্যুর সংখ্যা । চুয়াডাঙ্গায় শনিবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ৯ জন।

চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় নতুন করে ৯ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭ হাজার ৫৬১ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ শনিবার ২৫২ জনের নমুনা সংগ্রহ করেছে ।

এ সময় ৯ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭ হাজার ৫৬১ জনে। শনিবার নতুন করে ১০ জন করোনা রোগী সুস্থ হয়েছেন ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৮১২ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ৬ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. মোঃ সাজ্জাৎ হাসান আরো বলেন, গত ২৪ ঘন্টায় চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ৩.৫৭ শতাংশ।

তন্ময় হত্যার বিচার দাবীতে চুয়াডাঙ্গায় মানববন্ধন

তন্ময় হত্যার দাবিতে চুয়াডাঙ্গায় বিভিন্ন শ্রেণীর মানুষ মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

শনিবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে দাঁড়িয়ে এই মানববন্ধন পালন করে বিভিন্ন পেশাজীবীর মানুষ।

চট্টগ্রামে বাবুর্চির ছুরিকাঘাতে নিহত এসএম মঈন উদ্দীন তন্ময়ের হত্যাকারীর বিচারের দাবীতে চুয়াডাঙ্গায় এই মানববন্ধন করা হয়। মানববন্ধনে অংশ নেয় নিহতের স্বজন, বন্ধু পরিজনসহ স্থানীয় লোকজন।

এসময় বক্তারা তার হত্যাকারীর ফাঁসির দাবী জানান। সেখান থেকে শহরে একটি বিক্ষোভ মিছিল করা হয়। পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান ও পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলামের কাছে স্মারকলিপি পেশ করেন বিক্ষুব্ধ মানববন্ধনকারীরা।

মানববন্ধনে অংশ নিয়ে বক্তারা বলেন, হত্যার একমাত্র আসামী গ্রেপ্তার হয়ে আদালতে আছে। মামলার তদন্তকাজ চলছে। যেহেতু হত্যাকারী একজন ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের মানুষ, সেহেতু সে জামিন পেলে পালিয়ে যেতে পারে এমনকি দেশ ত্যাগও করতে পারে। তাই দ্রুত বিচারের মাধ্যমে হত্যাকারীকে ফাঁসির আওতায় আনতে হবে।

উল্লেখ্য, গত ৩১ জানুয়ারি চট্টগ্রামের খুলশী থানা এলাকায় বাবুর্চির হাতে খুন হন তিলত্তমা চিটাগং নামে এক টাইলস কোম্পানীর কর্মকর্তা। এ ঘটনায় বাবুর্চিকে একমাত্র আসামী করে হত্যা মামলা দায়ের করা হয়েছে। মামলাটি আদালতে চলমান আছে।

আলমডাঙ্গার মাধবপুরে সমালায় চাষাবাদের চারা রোপন এর উদ্বোধন

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নের মাধবপুরে রবি ২০২১-২০২২ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসুচীর আওতায় কৃষি যন্ত্রপাতি সমালয়ে চাষাবাদের চারা রোপনের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, আমরা প্রতিনিয়ত যাদের কাছে কৃতজ্ঞ তারা হলেন কৃষক। যারা এ দেশটাকে এগিয়ে নিয়ে নীরবে

নিভৃতে কাজ করে যাচ্ছেন। দেশের জন্য যারা প্রতিদিনই কাজ করছেন সেই কৃষককূলকে ধন্যবাদ জানান। তাদের স্যালুট।

তিনি বলেন,আমরা বলি খাদ্য হচ্ছে ১ নং মৌলিক চাহিদা। কেউ যদি বলে ১টা মৌলিক চাহিদা রাখবেন তাহলে খাদ্যকেই মৌলিক চাহিদা হিসেবে রাখতে হয়। আমরা তিন বেলা খাদ্য খায়। আজকে সকালে যে রুটি এবং সবজি খেয়ে এসেছি। এতে কিন্তু কোন না কোন কৃষকের হাত ছিল। এ জন্য কৃতজ্ঞতা প্রকাশ কেরেতই হয়। জেলা প্রশাসক বলেন, আমাদের কবিরা বলে গেছেন কৃষকরা মাঠে সোনা ফলান। আমি বলি তার চেয়েও বেশি।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারি পরিচালক ড.আব্দুল মাজেদ এর সভাপতিত্বে ওই অনুণ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মকর্তা মোহাম্মদ আলী জিন্নাহ।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা হোসেন শহীদ সোহরাওয়ার্দী। সভায় আরও বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সালমুন আহম্মেদ ডন, আলমডাঙ্গার সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা।

উল্লেখ্যে সমালয় প্রকল্পে চাষাবাদের এলাকায় ১৫০ বিঘা জমিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বীজ তলা, ধান রোপন যন্ত্রদিয়ে চারা রোপন,সার প্রদানসসহ মেশিন দিয়ে ধান কর্তন ও মাড়াই করে কৃষকের ঘরে তুলে দেওয়া হবে বলে কৃষি কর্মকর্তা জানান।